## গুরুদাসপুর উপজেলা পরিষদের জুন-২০২২ মাসের সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি ঃ **জনাব মোঃ আনোয়ার হোসেন**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ ঃ ০৯-০৬-২০২২ খ্রি. সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - **"ক"**

**সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি মহোদয় গুরুদাসপুর উপজেলা পরিষদের পক্ষ থেকে সবাইকে পবিত্র ঈদুল আযহার অগ্রিম শুভেচ্ছা জানান। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার বর্গের বিদ্রেহী আত্মার মাগফেরাত কামনা করে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকল সদস্যকে স্ব স্ব বিভাগীয় কর্মপত্র নোটিশ প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ জানান।**

অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোনরুপ সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। এছাড়া নিম্নরুপ বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-

| ক্র. নং | বিভাগ/সংস্থার নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গুরুদাসপুর পৌরসভা, নাটোর | মেয়র, গুরুদাসপুর পৌরসভা সভায় জানান যে, চাঁচকৈড় পুরাতন মাছ বাজার সংস্কার, নতুন মাছ বাজারে শেড নির্মাণ, নতুন মুরগী বাজার সংস্কার ও নতুন গরু হাট হতে কাচারীপাড়া বালুর ঘাট পর্যন্ত রাস্তা নির্মাণ করা প্রয়োজন। এনিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা। | সভায় সর্বসম্মতিক্রমে সহকারী কমিশনার ভূমিকে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | মেয়র, গুরুদাসপুর পৌরসভা, নাটোর |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২২ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরুপ স্বাস্থ্য কমপেস্নক্স ০১টি, শয্যা সংখ্যা ৫০টি। বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ১১১০জন মহিলা ৩৮৫৩জন এবং শিশু ১৫৩১জন। অন্তঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ২০১জন, মহিলা ৪০৫জন, শিশু ৯৯জন। ডেলিভারী রোগীর সংখ্যা নরমাল ডেলিভারী ২৬জন, সিজারিয়ান ০৭জন। ই পি আই কার্যক্রমের আওতায় টিকা প্রাপ্ত শিশু ও মহিলার সংখ্যা শিশু ২৫৩৯জন, মহিলা ১২৮৫জন। চিকিৎসাধীন যক্ষ্মা রোগীর সংখ্যা পুরুষ ১৩জন, মহিলা ০৯জন, শিশু ০০ জন। চিকিৎসাধীন কুষ্ঠ রোগীর সংখ্যা পুরুষ নাই, মহিলা নাই, শিশু নাই। প্যাথলজী পরীক্ষার সংখ্যা ৫৯৪জন। স্বাস্থ্য শিক্ষা পুরুষ ১০২০জন, মহিলা ১৫৭৭জন। ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ০২টি বিহঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ৯০০জন, মহিলা ১৫০২জন, শিশু ২১১জন। কমিউনিটি ক্লিনিক ২০টি সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ৩৩৭৯জন, মহিলা ৮৩৩৪জন, শিশু ১৩৯০ন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ০৩ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তার সভায় জানান যে, রবি/২০২১-২০২২ মৌসুমে কাঙ্খিত মাত্রায় বোরো ধান উৎপাদন হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকায় পাটের অবস্থা ভালো আছে। পাশাপাশি রোপা আউশ ধানের রোপন কার্যক্রম চলমান আছে। তিনি আরও জানান যে, উপজেলায় ইউরিয়া সার ও বালাইনাশকের পর্যাপ্ত মজুদ রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রকৌশলী অফিস | ১.১ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত এর আওতায়উপজেলা পরিষদের সোনালী কোয়ার্টারের বাম-সাইড ও ডান-সাইডের গ্রাউন্ড ফ্লোর মেরামত করন কাজের প্রাক্কলিত মূল্য = ১০,০০,০০০/- টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স শেখ এন্টারপ্রাইজ, প্রোঃ এস.এম আব্দুল আওয়াল,খামারনাচকৈড়, গুরুদাসপুর, নাটোর।উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর ভিতরে ওয়েটিং রুম নির্মাণ করন কাজের প্রাক্কলিত মূল্য = ৮,০০,০০০/- টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স ভিনিট কনষ্ট্রাকশন, প্রোঃ মোঃ শফিকুল ইসলাম,গুরুদাসপুর, নাটোর।উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর পার্শ্বে পুকুরের সৌন্দর্য বৃদ্ধি করন ও পার্কিং টাইল দ্বারা রাস্তা নির্মাণ করন কাজের প্রাক্কলিত মূল্য = ৬,৫০,০০০/- টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা,গুরুদাসপুর, নাটোর ।উক্ত প্রকল্পগুলি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>১.২ উপজেলা প্রকৌশলী অদ্য সভায় আরো জানান যে, ২০২১-২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় (আহবানকৃত দরপত্রের ৫% সায়শ্রী =২,৭১,১০০/- টাকা) ১নং নাজিরপুর ইউনিয়নের মামুদপুর গ্রামের পাঁকা রাস্তা হতে সাইফুলের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করন যার প্রাক্কলিত মূল্য = ২,৭১,০০০/- টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স মাহমুদ কনষ্ট্রাকশন, প্রোঃ এস এম ফিরোজ মাহমুদ, বামনকোলা, শিকারপুর, গুরুদাসপুর, নাটোর । উক্ত প্রকল্পটি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>১.৩ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলার হাট-বাজার ইজারা (১৫%) খাতের আওতায় ১নং নাজিরপুর ইউনিয়নের হাটের অভ্যন্তরে ড্রেন নির্মাণ-১ আনুমানিক মূল্য ১০,০০,১০০/- টাকা এবং ১নং নাজিরপুর ইউনিয়নের হাটের অভ্যন্তরে ড্রেন নির্মাণ-২ আনুমানিক মূল্য ১০,০০,১০০/- টাকা উক্ত দুইটি প্রকল্প গ্রহণ করা হয়েছে মর্মে উপজেলা পরিষদকে অবহিত করা হয়। | ১.১ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সোনালী কোয়ার্টারের বাম-সাইড ও ডান-সাইডের গ্রাউন্ড ফ্লোর মেরামত করন কাজের প্রাক্কলিত মূল্য = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র উক্ত প্রকল্প টি'র অনুমোদিত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স শেখ এন্টারপ্রাইজ, প্রোঃ এস.এম আব্দুল আওয়াল, খামারনাচকৈড়, গুরুদাসপুর, নাটোর। উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর ভিতরে ওয়েটিং রুম নির্মাণ করন কাজের প্রাক্কলিত মূল্য = ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স ভিনিট কনষ্ট্রাকশন, প্রোঃ মোঃ শফিকুল ইসলাম,গুরুদাসপুর, নাটোর। উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর পার্শ্বে পুকুরের সৌন্দর্য বৃদ্ধি করন ও পার্কিং টাইল দ্বারা রাস্তা নির্মাণ করন কাজের প্রাক্কলিত মূল্য = ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা,গুরুদাসপুর, নাটোর। উক্ত প্রকল্পগুলি'র সর্বনিম্ন কোটেশন দাতাগণকে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত (এডিপি) খাত হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>১.২ বিস্তারিত আলোচনান্তে ১নং নাজিরপুর ইউনিয়নের মামুদপুর গ্রামের পাঁকা রাস্তা হতে সাইফুলের বাড়ী অভিমূখে রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করন যার প্রাক্কলিত মূল্য = ২,৭১,০০০/- (দুই লক্ষ একাত্তর হাজার) টাকা মাত্র।উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স মাহমুদ কনষ্ট্রাকশন,প্রোঃ এস এম ফিরোজ মাহমুদ, বামনকোলা, শিকারপুর, গুরুদাসপুর, নাটোরকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাত হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>১.৩ বিস্তারিত আলোচনান্তে ১নং নাজিরপুর ইউনিয়নের উপজেলার হাট-বাজার ইজারা (১৫%) খাতের আওতায় ১নং নাজিরপুর ইউনিয়নের হাটের অভ্যন্তরে ড্রেন নির্মাণ-১ এবং ১নং নাজিরপুর ইউনিয়নের হাটের অভ্যন্তরে ড্রেন নির্মাণ-২ উক্ত প্রকল্প দুইটির প্রক্কলন প্রস্তুত পূর্বক কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, গুরুদাসপুর নাটোর। |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিস | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার সভায় জানান যে, এ দপ্তর হতে কৃত্রিম প্রজনন ১৩৪৫টি, বাছুর উৎপাদন ৫২২টি, গবাদিপশুর টিকাদান ১১৪৪টি, হাসমুরগীর টিকাদান ৫১০০০টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান ১৫৮৬টি, হাসমুরগীর চিকিৎসা প্রদান ১৭০৪০টি, খামারী প্রশিক্ষণ ৯০জন, উঠান বৈঠক ০৩টি, দুধ উৎপাদন ৫মে. টন, মাংস উৎপাদন ১৪মে. টন ও ডিম উৎপাদন ১.৯ লক্ষ। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, গুরুদাসপুর, নাটোর |
| ০৬ | উপজেলা মৎস অফিস | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে অত্র উপজেলার দুটি ইউনিয়নে বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়ন করা হয়। রাজস্ব খাতের আওতায় একটি অভয়াশ্রম মেরামত করা হয়। ইউনিয়ন প্রকল্পের আওতায় ০৬টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে এবং তা চলমান রয়েছে। তিনি | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় আরও জানান রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের ০৩টি ব্যাচে মোট ৭৫জনকে ০২দিন ব্যাপী প্রশিক্ষন প্রদান করা হয়েছে। তিনি সভায় আরও জানান যে, চলনবিলে নতুন পানি প্রবেশ করায় ডিমওয়ালা মা মাছ ধরা থেকে বিরত থাকাসহ সকল অবৈধ্য জাল ব্যবহার থেকে বিরত থাকার জন্য মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হচ্ছে। চলনবিলে মৎস্য সংরক্ষন অভিযান কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৩৭১৬জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৪৬৪৬জন এবং পদ্ধতির গ্রহণকারীর হার ৮৩.১১%। পদ্ধতি বিতরন স্থায়ী পদ্ধতি পুরুষ ০০ জন, মহিলা ২১জন। দীর্ঘ মেয়াদী ইমপ্লানন ৬৫জন, কপারটি ০৩জন। অস্থায়ী পদ্ধতি কন্ডম ২২৯৬০পিস, খাবার বড়ি ১১৬০৯চক্র এবং ইনজেকটেবল্স ৬৩৩ভায়াল। এছাড়া বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মা ও শিশু স্বাস্থ্যসেবা যথাযথভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা গুরুদাসপুর, নাটোর |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস জনিত মহামারীর কারনে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষা মন্ত্রনালয়ের উদ্যোগে বাংলাদেশ সংসদ টেলিভিশনের মাধ্যমে অনলাইন ক্লাস নিয়মিত চলছে। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের অনলাইন ক্লাস পরিচালনা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছ। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, খিদির গড়িলা সপ্রাবি এর রাস্তা নির্মাণ ও স্বাস্থ্যবিধি মেনে পাঠদান চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছ। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ১০ | ত্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গুরুদাসপুর উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান এবং শিক্ষা প্রতিষ্ঠানে বাল্যবিবাহ বিরোধী বিলবোর্ড স্থাপন করা প্রয়োজন। এনিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে বাল্যবিবাহ বিরোধী বিলবোর্ড স্থাপনের জন্য প্রকল্প গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক, গুরুদাসপুর, নাটোর |
| ১২ | উপজেলা সমাজ সেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয় হতে ২০২১-২২ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ও বিধবা ও স্বামী নিগৃহিতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ৪র্থ কিস্তির পেরোল পাঠানো সম্পূর্ন হয়েছে। তিনি আরও জানান যে, ০৬টি ইউনিয়ন এবং একটি পৌরসভায় যে সকল ভাতাভোগী মৃত্যুবরণ করেছেন এবং যে সকল বিধবার পুনঃ বিবাহ হয়েছে তাদের স্থলে নতুন ভাতাভোগীর প্রাথমিক তালিকা উপজেলা কমিটি বরাবর প্রেরণের জন্য মেয়র/চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়। তিনি আরও জানান যে, ভিক্ষুক পুনঃর্বাসন ও বিকল্প কর্মসংস্থান খাতে ১,৬০,০০০/-টাকা পাওয়া গেছে। গত ২৭/০৪/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক ০৪ জন ভিক্ষুককে ১,৬০,০০০/- দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। তিনি সভায় আরও জানান যে, "ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্টোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগীদের এককালীন ৫০,০০০/- টাকা দেওয়ার আবেদন পাওয়া গেছে। ক্যান্সার ৩৬টি আবেদন, থ্যালাসেমিয়া ০১টি, জন্মগত হৃদরোগীদের ০৭টি, কিডনী ১৪টি, লিভার সিরোসিস ০৪টি, স্টোকে প্যারালাইজড ১৬টিসহ | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মোট আবেদন ৭৮টি জেলা কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ২৩জন ব্যক্তিকে ৫০,০০০/- টাকা করে ১২,৫০,০০০/- টাকা অনুমোদন জেলা কমিটি হতে করা হয়েছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের মে/২০২২ মাসের কর্মসূচির প্রশিক্ষণ অগ্রগতি ৪২০জন। যুবঋণ বিতরণ নাই ও অগ্রগতি ১৮,৮০,০০০/-। চলমান আদায়যোগ্য ১,৫১,৩৩৩/-টাকা ও অগ্রগতি ২৫,৩৯,৮২৫। চলমান আদায়কৃত ১,৪৬,৯৫৫/-টাকা ও অগ্রগতি ২১,১০,৫৬০, চলমান আদায়ের হার-৯৭.১০%, অগ্রগতির হার ৮৩.০৯। ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী ১৪৬৪২৯/-, ক্রমপুঞ্জিত ঋণ খেলাপী ১২৭৩১৩৬/-, চলমান মাসে কিস্তি খেলাপী আদায় ৪২০০/-, চলমান মাসে ঋণ খেলাপী আদায় ৬৩০৫০/-। তিনি আরও জানান যে, এ উপজেলার খেলাধুলার মান উন্নয়নের জন্য ক্রীড়া সামগ্রী বিতরন প্রকল্প গ্রহন করা প্রয়োজন। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।<br><br>ক্রীড়া সামগ্রী বিতরন প্রকল্প গ্রহনের জন্য বিস্তারিত আলোচনা করা প্রয়োজন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ), গুরুদাসপুর, নাটোর। |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ঋণ বিতরন ও আদায়ের তথ্যাবলী মে/২০২২ইং মাস পর্যন্ত অত্র বিভাগের মাধ্যমে আবর্তক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫০.০০, অর্জন ৪৭.৩৮ ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৫০.০০ অর্জন ৪৬.৪৬ এবং প্রশিক্ষণ ১৪০জন। মহিলা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০.০০, অর্জন ৩৮.৬১, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১.০০ অর্জন ৫৭.৬৮, সদাবিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬০.০০, অর্জন ৫১.৫৬, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৬০.০০ অর্জন ৫৯.৯৫, প্রশিক্ষণ-০০ জন, পল্লী প্রগতি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ২০.২৪, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ১৪.১১, বীর মুক্তিযোদ্ধা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২.২০, অর্জন ১.৯০, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১.৮০, অর্জন ০.৭১, প্রশিক্ষণ নাই, অপ্রধান শস্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ৩০.৫৯, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ১৬.৮০। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, গুরুদাসপুর কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় ১৫৬টি সাবমার্সিবল এর বোরিং কাজ সম্পূর্ণ হয়েছে ও ৯৭টি পাটাতনের কাজ সম্পূর্ণ হয়েছে এবং বাকি কাজ চলমান আছে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ এর স্থান তালিকা পাওয়া গেছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ে নির্মিত ঘরের বিপরীতে বরাদ্দকৃত নলকূপের বোরিং ও পাটাতনের কাজ চলমান আছে। নতুন অফিস বিল্ডিং নির্মানের কাজ চলমান আছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে PEDP-4, GPS, NNGPS প্রকল্পের আওতায় ৩২টি সাবমার্সিবল এর বোরিং কাজ সম্পূর্ণ হয়েছে এবং ১৫টি ওয়াস বেসিন এর কাজ সম্পূর্ন হয়েছে ও বাকি কাজ চলমান আছে। করোনা পরিস্থিতি মোকাবেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত হ্যান্ড ওয়াশ বেসিনে জনগণকে হাতধোয়ায় উদ্বুদ্ধ করতে নিয়মিত সাবান সরবরাহ করা হচ্ছে। | সভায় গৃহিত সকল কার্যক্রম দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য নির্দেশ দেন। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গুরুদাসপুর, নাটোর |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার সভায় জানান যে, এপ্রিল/২২ মাসে কৃষি পরিসংখ্যান বিষয়ে গম ও আলু বোরো ফসলের পূর্বভাস, তেতুল, মূলা, জলপাই, গাজর, ও মাসিক কৃষি মজুরী এর তথ্য উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর মাধ্যমে প্রাক্কলন পূর্বক জেলা দপ্তরে প্রেরণ করা হয়েছে। জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর মূল তথ্য সংগ্রহের কাজ সারা বাংলাদেশের ন্যায় অত্র উপজেলাতেও ১৫জুন হতে ২১জুন অনুষ্ঠিত হবে। জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর মূল তথ্য সংগ্রহের কাজ সফল করতে সকলের সহযোগিতা কামনা করছি। | গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আজিজ কো-অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড শিরোনামে একটি সমবায় সমিতি অত্র উপজেলায় বে-আইনিভাবে শাখা আফিস খুলে কার্যক্রম আরম্ভ করেছেএবং সরেজমিনে পরিদর্শন পূর্বক দেখা যায় চাঁচকৈড় বাজারস্থ স্বপ্না গার্মেন্টস এর ২য় তলায় পুরাতন বাসষ্ট্যান্ড, গুরুদাসপুর, নাটোর এর শাখা অফিস খুলে কার্যক্রম পরিচালনার চলমান রয়েছে। উক্ত কার্যক্রম সমবায় সমিতি আইন/০১(সংশোধনী০২,ও ১৩) এর ২৩(খ)(১) ধারার পরিপন্থী এবংদন্ড যোগ্য আপরাধ হিসেবে বিবেচিত। তাছাড়া একই আইনের ২৩(ক)(৩) ধারায় কোন ব্যক্তি এই ধারার কোন বিধান লংঘন করিলে অনধিক ৭(সাত) বছর কারাদন্ড বা অনুন ১০ (দশ) লক্ষ্য টাকা অর্থ দন্ড বা উভয় দন্ডে দন্ডিনীয় হইবেন মর্মে বিধান রয়েছে। ফলে উক্ত সমবায় সমিতির শাখা অফিসের কার্যক্রমের সাথে সম্পৃক্ত ব্যক্তিগনের সাথে আলাপ কালে হাইকোর্টের নির্দেশনা সংক্রান্ত কিছু তথ্য দাখিল করেন এবং উক্ত কাগজ-পত্র যাচাইয়ান্তে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নতুন শাখা খোলার অনুমোতি প্রদান সংক্রান্ত হাইকোর্টের কোন নির্দেশনা বিদ্যমান নাই তথাপিও উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর সাথে কোন প্রকার যোগাযোগ না করেই আজিজ কো-অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড এর অবৈধ ভাবে শাখা অফিস খুলে কার্যক্রম আরম্ভ করেছে। এহেন কার্যক্রমের প্রেক্ষিতে অত্র উপজেলার সমবায়ী কার্যক্রমের মধ্যে বিশৃংখল পরিবেশ সৃষ্টি সহ অর্থ আত্মসাত এবং তহবিল তছরুপ করার মতো ঘটনা ঘটার সমুহ সম্ভবনা রয়েছে। এমতাবস্থায়, আজিজ কো অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড এর চাচকৈড় বাজারস্থ স্থানে বে-আইনি ভাবে শাখা অফিস কার্যক্রম বন্ধ করার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থাগ্রহনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো | গৃহিত কার্যক্রম অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ১৮ | উপজেলা বন অফিস | **উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়টি অতি পুরাতন নষ্ট হয়ে বসার এবং অফিসে কাজ পরিচালনা করার অযোগ্য হয়েছে। টিনসেডের ফুট্রো দিয়ে পানি পড়ে, খাতাপত্র ভিজে যায়। ওয়ালের প্লাস্টারগুলো খসে পড়ছে। দরজা জানালা নষ্ট এবং ওয়াশরুমটি ব্যবহারের অনুপযোগী। তাই বিষয়টি নিয়ে সবিনয়ে উপজেলা প্রশাসন ও পরিষদের দৃষ্টি আকর্ষন করছি।** | অফিস মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলীকে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর। |
| ১৯ | গুরুদাসপুর থানা | অফিসার ইনর্চাজ সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সর্ম্পকে জানা গেল না, সভাপতি আগামী সভায় উপস্থিত হয়ে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | নিয়মিত সভায় উপস্থিত হয়ে গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন | অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা |
| ২০ | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। সরকারী নির্দেশনা অনুযায়ী যাকাত আদায় করা হচ্ছে।২০২১-২২অর্থ বছরে ৫৪ হাজার টাকা মাত্র বিতরণ করা হচ্ছে। জুম্মার খুৎবায় বাল্যবিবাহ, মাদ্রক ও সরকারি বিভিন্ন বার্তা ইমামদের মাধ্যমে প্রচার করা হয়। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর |
| ২১ | ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২) | ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২) সভায় জানান যে, গুরুদাসপুর উপজলোয় মে/২০২২ মাসে নতুন সংযোগ প্রাপ্ত গ্রাহক সংখ্যা আবাসিক ১৩৫টি, বানিজ্যিক ১৭টি, সেচ ০২টি, শিল্প ১৩টি, দাতব্য ০৩টি ও অন্যান্য নাই মোট গ্রাহক ১৭০টি। পূনঃ সংযোগ গ্রাহক সংখ্যা ১৭০টি, সর্বমোট গ্রাহক সংখ্যা ৬৪৮৭৭জন। বিদ্যুৎ ক্রয় ৭৬১০৯৯২ইউনিট, বিদ্যুৎ বিক্রয় ৬৮১৮১২৮ইউনিট, সিস্টেম লস ১০.৪২,(চলতিমাস) ক্রমপুঞ্জিত ১০.৫৮%, বকেয়া মাস ১.২৬ মাস। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, গুরুদাসপুর নাটোর |
| ২২ | বি.এ.ডি.সি ( পানাসি) | উপজেলা সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) পানাসি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে গুরুদাসপুর (ক্ষুদ্রসেচ) জোনের আওতায় গুরুদাসপুর উপজেলায় বিএডিসি পানাসি প্রকল্পের মাধ্যমে সম্ভাব্য কাজগুলি ০১. বাড়িড পাইপ ৫০০মিঃ, পরিমান ১৮টি, ৯.০০কিঃমিঃ, ০২. বাড়িড পাইপ | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী পানাসি, গুরুদাসপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১০০০মিঃ, পরিমান ০১টি, ১.০০কিঃমিঃ, ০৩. খাল পুনঃখনন ৪১.০০কিঃমিঃ ০৪. পাম্প ঘর মেরামত নাই, ০৫. ১কিউসেক এলএলপি ১০টি ০৬. ২কিউসেক এলএলপি ০২টি, ০৭. ডাগঅয়েল ০৭টি, ০৮. বক্র কালভার্ট ০২টি, ০৯. সাবমার্জ আরসিসি রাস্তা ৩.১২০কিঃমিঃ। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | জোন, নাটোর |
| ২৩ | বি.এম.ডি.এ (বরেন্দ্র) | উপজেলা সহকারী প্রকৌশলী (বিএমডিএ) বরেন্দ্র বড়াইগ্রাম জোন সভায় যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী বরেন্দ্র, বড়াইগ্রাম জোন, নাটোর |
| ২৪ | আমার বাড়ি আমার খামার প্রকল্প | উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র কার্যালয়ের সমিতির সংখ্যা ২১৬টি, সমিতির সদস্য সংখ্যা ১০,২৪৪জন। সঞ্চয় জমা ৪,৬১,০৮,০০০/-টাকা। সদস্যদের মাঝে ঋণবিতরন ৪৪,২৬,১১,০০০/-টাকা। ঋণ আদায়ের পরিমাণ ২৯,৯২,২৪,০০০/-। ঋণ আদায়ের হার ৭৫%। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গুরুদাসপুর নাটোর। |
| ২৫ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সভায় জানান যে, **ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ-** চলতি মাসে সদস্য ভর্তি-২৩জন, ঋণী সদস্য-৫১জন, ঋণ বিতরন ১৪.৬৬, ঋণ আদায়- ১৪.৯১, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় আদায় ২.১৭। **ক্ষুদ্র উদ্যোক্তাঃ-**ঋণী সদস্য-০৩জন, ঋণ বিতরণ-৪.২০, ঋণ আদায়-৭.৪০, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় জমা নাই। প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের শস্য সংরক্ষণঃ- ঋণী সদস্য-০৫জন, ঋণ বিতরণ-২.৫০, ঋণ আদায়-৪.১৬, আদায়ের হার-১০০%, সঞ্চয় আদায় ০.৫৪। তিনি সভায় আরও জানান যে, অফিস কক্ষ ভাঙ্গা ও জরাজির্ণ সেগুলো মেরামত করা প্রয়োজন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২৬ | উপজেলা পল্লী জীবিকায়ন অফিস | উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠন নাই, মাসে অগ্রগতি নাই ক্রমবর্ধিত অগ্রগতি ১২১টি, অগ্রগতির হার ১০০%, সদস্য ভর্তি বছরের লক্ষ্যমাত্রা ০৮, মাসে অগ্রগতি ৪৩, ক্রমবর্ধিত অগ্রগতি ৪১২৩, হার ১১৪%, শেয়ার আদায় বছরের লক্ষ্যমাত্রা .৬৯, মাসে অগ্রগতি .৬৫, ক্রমবর্ধিত অগ্রগতি ৬.৯৯, হার ৮৪%, সঞ্চয় আদায় বছরের লক্ষ্যমাত্রা ৩.২২, মাসে অগ্রগতি ১.২৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৭.৪৪, হার ২৭%, ঋণ বিতরণ বছরের লক্ষ্যমাত্রা ৯৯.০০, মাসে অগ্রগতি ৫২.৬৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৪৮৯.৬৫, হার ৫৩%, ঋণ আদায় বছরের লক্ষ্যমাত্রা ১১০.২৩, মাসে অগ্রগতি ৬৩.৪৮, ক্রমবর্ধিত অগ্রগতি ১৬৩৮.০১, হার ৯৭%। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ২৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, ৩২৩.০৪০ মে. টন চাল খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় হত দরিদ্রদের মাঝে ৩০কেজি হারে ১০টাকা কেজি খাদ্যশস্য বিতরণ চলছে। ওএমএস কর্মসূচী গুরুদাসপুর পৌরসভায় চাল বিতরণ চলমান। ভিজিডি খাতে ৭৬.২৬০মে. টন চাল ইউনিয়ন পরিষদ কর্তৃক বিতরণ হয়েছে। ভিজিডি খাতে ১৪৮.৮৬০ মে. টন চাল ও পৌরসভা ৪৬.২১ মে. টন চাল বিতরণ চলমান। বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ইপি খাতে ০.২৮১মে. টন চাল ও গম ০.২৫২মে. টন উত্তোলন হবে। | **গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গুরুদাসপুর, নাটোর |
| ২৮ | উপজেলা আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষনে ১০ জন ও দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে ০৯জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। নিজস্ব ভবন নির্মাণের জন্য প্রাপ্ত জমির রেজুলেশন পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | **গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।** | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর |
| ২৯ | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, লক্ষ্যমাত্রা মোতাবেক বিদ্যালয় পরিদর্শন ও প্রতিবেদন প্রদান করা হচ্ছে। জেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় অংশগ্রহন, নাজিরপুর ইউনিয়নে ট্যাগ অফিসারের দায়িত্ব পালন, উপজেলা পর্যায়ে প্রধান শিক্ষকদের মাসিক সভায় অংশগ্রহন, প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা নিরুপন করা, প্রাথমিক বিজ্ঞান (ডিউপটিসহ) বিষয়ের উপর ৬০টি প্রাথমিক বিদ্যালয় থেকে ৬০জন শিক্ষকের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গুরুদাসপুর, নাটোর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | **উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস** | ষ্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, মে/২০২২ মাসের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অপারেশনাল কর্মকান্ডের তথ্য হরদমা ফায়ার সার্ভিস কর্তৃক অগ্নি নির্বাপনে সম্পদের ক্ষতির পরিমান ৪০,০০০/- ও উদ্ধারের পরিমান ২,০০,০০০/-, নাদো সৈয়দপুর ক্ষতির পরিমান ৫০,০০০/- ও উদ্ধারের পরিমান ১,৬০,০০০/-, বিলসা ক্ষতির পরিমান ১০,০০০/- ও উদ্ধারের পরিমান ৫০,০০০/- ও খুবজীপুর ক্ষতির পরিমান ৫০,০০০/- ও উদ্ধারের পরিমান ১,৫০,০০০/-। এছাড়া করোনা ভাইরাস পরিস্থিতিতে জনসচেতনতামূলক প্রচারনা অব্যাহত এবং যেকোন দূযোর্গ-দূর্ঘটনা মোকাবেলায় প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদি প্রস্তুত রাখা হয়েছে। | গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ষ্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গুরুদাসপুর, নাটোর |
| ৩১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ফ্যাসিলিটেটর, গুরুদাসপুর, নাটোর সভায় জানান যে, অবকাঠামো উন্নয়নের ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার কাজ চলমান। এছাড়া তিনি সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা সক্ষমতা ও অবকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ থেকে দশ লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের পিএসসি প্রস্তাবনা নিম্নরুপ ঃ ১. কোভিড কালীন সময়ে ১০ থেকে ১৯ বছর বয়সী মেয়েদের বয়:সন্ধিকালীন এবং মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, ২. করোনা মোকাবেলায় স্বাস্থ্যকর্মী,পল্লী চিকিৎসক ও স্থানীয় জনগণের করণীয় বিষয়ক প্রশিক্ষণ, ৩. কেভিড -১৯ মোকাবেলায় স্থানীয় ব্যবসায়ী ও ক্রেতা সাধারণের জন্য ভোক্তা অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ, ৪. বেকার যুবক ও যুবতীদের মোটোরযান চালনা বিষয়ক প্রশিক্ষণ, ৫. ফ্রি ল্যান্সিং/ আউটসোসিংএর মাধ্যমে বেকার যুবদের আত্ন-কর্মসংস্থানের সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ ও ৬. ক্ষুদ্র নৃ-গোষ্টি ও সাধারন বেকার যুবক/যুবতীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ। এছাড়া ৫০ লক্ষ টাকার জন্য অবকাঠামো উন্নয়ন দুটি প্রকল্প পিএসসি মিটিংয়ে নির্বাচিত হয়, যাহা নিম্নরুপ ঃ ১. ভবন নির্মান, ২. হাই লো বেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে সক্ষমতা উন্নয়নের জন্য ৬টি প্রকল্প এবং অবকাঠামো উন্নয়নের জন্য ২টি প্রকল্প নেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট উপজেলা কমিটি, গুরুদাসপুর, নাটোর |
| ৩২ | বিবিধ-১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, জুন-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- ও কমিটির আপায়ন বাবদ ৮,০০০/- টাকা সভায় অনুমোদন প্রয়োজন। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনান্তে ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হলো। | উপজেলা পরিষদের জুন-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- ও কমিটির আপায়ন বাবদ ৮,০০০/- টাকা ব্যয় হয়েছে। যাহা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর। |
| ৩৩ | বিবিধ-২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, এ উপজেলা পরিষদে নিয়োগকৃত (নিয়মিত) চারজন কর্মচারী ২০২১-২০২২ইং অর্থ বছরের স্ব স্ব সিপিএফ হিসাব নম্বরে বকেয়া টাকা জমা দানের জন্য আবেদন করেছেন। উক্ত অর্থ মোঃ খলিলুর রহমান, সাট-মুদ্রাক্ষরিক-১৯০৫৬/-, মোঃ রওশন আলী, গাড়ি চালক-১৭,৩৬৪/-, সবুজ আহম্মেদ, অফিস সহায়ক-১৩,৯৮০/- ও মোঃ সেলিম রেজা, অফিস সহায়ক-১৩,৯৮০/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জমা প্রদান করা প্রয়োজন। এনিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিয়মিত চারজন কর্মচারী যথাঃ মোঃ খলিলুর রহমান, সাট-মুদ্রাক্ষরিক-১৯০৫৬/-, মোঃ রওশন আলী, গাড়ি চালক-১৭,৩৬৪/-, সবুজ আহম্মেদ, অফিস সহায়ক-১৩,৯৮০/- ও মোঃ সেলিম রেজা, অফিস সহায়ক-১৩,৯৮০/-টাকা স্ব স্ব সিপিএফ হিসাব নম্বরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জমা প্রদান সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, ধারাবারিষা ইউপি গুরুদাসপুর, নাটোর। |
| ৩৪ | বিবিধ-৩ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিলের আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার ৫নং ধারাবারিষা ইউনিয়নের সোনাবাজু হাই স্কুলের সেমি পাঁকা বিল্ডিং এর অসম্পূর্ন কাজ সম্পূর্ন করন কাজের প্রাক্কলিত মূল্য = ৫,৪৭,৮১৪/- টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা শুভ এন্টারপ্রাইজ, প্রোঃ ডি.এম.রনি | বিস্তারিত আলোচনান্তে ৫নং ধারাবারিষা ইউনিয়নের সোনাবাজু হাই স্কুলের সেমি পাঁকা বিল্ডিং এর অসম্পূর্ন কাজ সম্পূর্ন করন কাজের প্রাক্কলিত মূল্য = ৫,৪৭,৮১৪/- ( পাঁচ লক্ষ সাতচল্লিশ হাজার আটশত চৌদ্দ) টাকা মাত্র। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা শুভ এন্টারপ্রাইজ, প্রোঃ ডি.এম.রনি পারভেজ আলম, লক্ষীকোল, | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, ধারাবারিষা ইউপি গুরুদাসপুর, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পারভেজ আলম, লক্ষীকোল, বড়াইগ্রাম, নাটোর । উক্ত প্রকল্পটি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বড়াইগ্রাম, নাটোরকে পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | নাটোর। |
| ৩৫ | বিবিধ-৪ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার অদ্য জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিলের আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার ৫নং ধারাবারিষা ইউনিয়নের দক্ষিণ নারীবাড়ী ভাঙ্গা মসজিদ হতে পূর্বদিক ৩২০মিঃ রাস্তায় জলবদ্ধতা থেকে উত্তরনের জন্য রাস্তা উচ্চতা বৃদ্ধি করন যার প্রাক্কলিত মূল্য=৩,৬১,২০২/- টাকা।<br>৫নং ধারাবারিষা ইউনিয়নের শিধুলী হতে সোনাবাজু পাটপাড়া অভিমূখে ৬৬৮মিঃ রাস্তার মাঝখানে নীচু ও বিভিন্ন জায়গায় গর্তের সৃষ্টি হওয়া রাস্তা মেরামত/সংস্কার করন যার প্রাক্কলিত মূল্য = ৬,৭৪,৪৪৪/- টাকা।উক্ত প্রকল্প দুইটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা,গুরুদাসপুর, নাটোর । উক্ত প্রকল্পগুলি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ৫নং ধারাবারিষা ইউনিয়নের দক্ষিণ নারীবাড়ী ভাঙ্গা মসজিদ হতে পূর্বদিক ৩২০মিঃ রাস্তায় জলবদ্ধতা থেকে উত্তরনের জন্য রাস্তা উচ্চতা বৃদ্ধি করন যার প্রাক্কলিত মূল্য = ৩,৬১,২০২/- (তিন লক্ষ একষট্টি হাজার দুইশত দুই) টাকা মাত্র।<br>৫নং ধারাবারিষা ইউনিয়নের শিধুলী হতে সোনাবাজু পাটপাড়া অভিমূখে ৬৬৮মিঃ রাস্তার মাঝখানে নীচু ও বিভিন্ন জায়গায় গর্তের সৃষ্টি হওয়া রাস্তা মেরামত/সংস্কার করন যার প্রাক্কলিত মূল্য =৬,৭৪,৪৪৪/- (ছয় লক্ষ চুয়াত্তর হাজার চারশত চুয়াল্লিশ) টাকা মাত্র। উক্ত প্রকল্প দুইটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা,গুরুদাসপুর, নাটোরকে পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, ধারাবারিষা ইউপি গুরুদাসপুর, নাটোর। |
| ৩৬ | বিবিধ-৫ | উপজেলা নির্বাহী অফিসার অদ্য সভায় জানান যে ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিলের আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন ৩নং খুবজীপুর ইউনিয়নের ১৭নং শ্রীপুর চরপিপলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের মূল সড়ক হতে বিদ্যালয় পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করনযার প্রাক্কলিত মূল্য = ৩,৫০,০০০/- টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা ওয়াহিদ ট্রেডার্স, প্রোঃ মোঃ তুষার হোসেন, নয়াবাজার, গুরুদাসপুর, নাটোর । উক্ত প্রকল্পটি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ৩নং খুবজীপুর ইউনিয়নের ১৭নং শ্রীপুর চরপিপলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের মূল সড়ক হতে বিদ্যালয় পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করন যার প্রাক্কলিত মূল্য = ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা ওয়াহিদ ট্রেডার্স, প্রোঃ মোঃ তুষার হোসেন, নয়াবাজার, গুরুদাসপুর, নাটোরকে পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, খুবজীপুর ইউপি গুরুদাসপুর, নাটোর। |
| ৩৭ | বিবিধ-৬ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিলের আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার ১নং নাজিরপুর ইউনিয়নের চন্দ্রপুর মাঝপাড়া গ্রামের আবাসনের ৩৯টি ক্ষতিগ্রস্ত ঘরের দক্ষিন ও পশ্চিম দিকের বাউন্ডারী ওয়ালের উচ্চতা বৃদ্ধি করন ও উত্তর-পার্শ্বে প্যালাসাইডিং দ্বারা প্রটেকশন এবং আরসিসি বক্স কালভার্ট নির্মাণ করন যার প্রাক্কলিত মূল্য = ৭,০৭,১৮৭.০০/- টাকা। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স শেখ এন্টারপ্রাইজ, প্রোঃ এস. এম আব্দুল আওয়াল, খামারনাচকৈড়, গুরুদাসপুর, নাটোর। প্রকল্পটি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ১নং নাজিরপুর ইউনিয়নের চন্দ্রপুর মাঝপাড়া গ্রামের আবাসনের ৩৯টি ক্ষতিগ্রস্ত ঘরের দক্ষিন ও পশ্চিম দিকের বাউন্ডারী ওয়ালের উচ্চতা বৃদ্ধি করন ও উত্তর-পার্শ্বে প্যালাসাইডিং দ্বারা প্রটেকশন এবং আরসিসি বক্স কালভার্ট নির্মাণ করন যার প্রাক্কলিত মূল্য = ৭,০৭,১৮৭/- (সাত লক্ষ সাত হাজার একশত সাতাশি) টাকা মাত্র। উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স শেখ এন্টারপ্রাইজ, প্রোঃ এস. এম আব্দুল আওয়াল, খামারনাচকৈড়, গুরুদাসপুর, নাটোরকে পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (উন্নয়ন) তহবিল হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, নাজিরপুর ইউপি গুরুদাসপুর, নাটোর। |
| ৩৮ | বিবিধ-৭ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাতে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলা পরিষদের অভ্যান্তরে পরিস্কার করা প্রয়োজন। এজন্য | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে ৫০০ টাকা হারে ১০০ জন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনপ্রতি ৫০০ টাকা হারে প্রতিদিন ২৫জন করে শ্রমিক পরিস্কার পরিচ্ছন্নতার জন্য চারদিন কাজে ব্যবহার করা হয়েছে। যার মোট শ্রমিক মূল্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র)। এক্ষনে উক্ত শ্রমিকদের মজুরি প্রদান করা প্রয়োজন। | শ্রমিকের মোট ৫০,০০০/-টাকা শ্রমিক মজুরি বাবদ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর। |
| ৩৯ | বিবিধ-৮ | উপজেলা নির্বাহী অফিসার অদ্য সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) এর আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন ৩নং খুবজীপুর ইউনিয়নের চরপিপলা বটতলা হতে পিপলা কারিগরপাড়া পাঁকা রাস্তায় ড্রাম সীট দ্বারা প্যালাসাইডিং নির্মাণকরন কাজের প্রাক্কলিত মূল্য = ৩,২০,০০০/- টাকা।উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স ভিনিট কনস্ট্রাকশন, প্রোঃ মোঃ শফিকুল ইসলাম,গুরুদাসপুর, নাটোর। প্রকল্পটি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ৩নং খুবজীপুর ইউনিয়নের চরপিপলা বটতলা হতে পিপলা কারিগরপাড়া পাঁকা রাস্তায় ড্রাম সীট দ্বারা প্যালাসাইডিং নির্মাণকরন কাজের প্রাক্কলিত মূল্য = ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা মাত্র।উক্ত প্রকল্পটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স ভিনিট কনস্ট্রাকশন, প্রোঃ মোঃ শফিকুল ইসলাম, গুরুদাসপুর, নাটোরকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, খুবজীপুর ইউপি গুরুদাসপুর, নাটোর। |
| ৪০ | বিবিধ-৯ | উপজেলা নির্বাহী অফিসার অদ্য সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলার হাটবাজার-১০% খাতের আওতায় ৫নং ধারাবারিষা ইউনিয়নের সোনাবাজু হাটে ফিসসেড করন যার প্রাক্কলিত মূল্য = ১০,০০,০০০/- টাকা। সোনাবাজু হাটের অভ্যন্তরের রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন এবং হাটের পাশ দিয়ে ড্রেন নির্মাণ করন যার প্রাক্কলিত মূল্য = ১০,০০,০০০/- টাকা।উক্ত প্রকল্প দুইটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা, গুরুদাসপুর, নাটোর। প্রকল্প দুইটি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ৫নং ধারাবারিষা ইউনিয়নের সোনাবাজু হাটে ফিসসেড করন যার প্রাক্কলিত মূল্য = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র। সোনাবাজু হাটের অভ্যন্তরের রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন এবং হাটের পাশ দিয়ে ড্রেন নির্মাণ করন যার প্রাক্কলিত মূল্য= ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র। উক্ত প্রকল্প দুইটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা, গুরুদাসপুর, নাটোরকে উপজেলার হাটবাজার-১০% খাত হতে চুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, ধারাবারিষা ইউপি গুরুদাসপুর, নাটোর। |
| ৪১ | বিবিধ-১০ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, (মাননীয় সংসদ সদস্য, ৬১-নাটোর-৪ (গুরুদাসপুর-বড়াইগ্রাম) অধ্যাপক মোঃ আব্দুল কুদ্দুস এর অনুকূলে বরাদ্দ) ২০২১-২০২২ইং অর্থ বছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতের আওতায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন ৩নং খুবজীপুর ইউনিয়নে চলনবিল বহুমুখি উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের উত্তর-দক্ষিন ও পূর্ব-পশ্চিম পাশে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন করন-০১ যার প্রাক্কলিত মূল্য = ৬,৭৮,৫৭৯/- টাকা।<br>চলনবিল বহুমুখি উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের উত্তর-দক্ষিন ও পূর্ব-পশ্চিম পাশে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন করন-০২ যার প্রাক্কলিত মূল্য = ৮,২১,৪২১/- টাকা। উক্ত প্রকল্প দুইটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা, গুরুদাসপুর, নাটোর। প্রকল্প দুইটি'র কোটেশন মূল্য অনুমোদন ও চুড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ৩নং খুবজীপুর ইউনিয়নে চলনবিল বহুমুখি উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের উত্তর-দক্ষিন ও পূর্ব-পশ্চিম পাশে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন করন-০১ যার প্রাক্কলিত মূল্য = ৬,৭৮,৫৭৯/- (ছয় লক্ষ আটাত্তর হাজার পাঁচশত উন আশি) টাকা মাত্র।<br>চলনবিল বহুমুখি উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের উত্তর-দক্ষিন ও পূর্ব-পশ্চিম পাশে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন করন-০২ যার প্রাক্কলিত মূল্য = ৮,২১,৪২১/- (আট লক্ষ একুশ হাজার চারশত একুশ) টাকা। উক্ত প্রকল্প দুইটি'র বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলন বিল ফিসারিজ এন্ড ডেইরী ফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা, গুরুদাসপুর, নাটোরকে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাত হতেচুড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, খুবজীপুর ইউপি গুরুদাসপুর, নাটোর। |
| ৪২ | বিবিধ-১১ | ৪নং মশিন্দা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আবেদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের হাট-বাজারের ১৫% অর্থ হতে ৪নং মশিন্দা ইউনিয়নের কাছিকাটা হাটের ড্রেন সংস্কারসহ বক্স কালভার্ট এবং আরসিসি রাস্তা নিমার্ণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ৪নং মশিন্দা ইউনিয়নের কাছিকাটা হাটের ড্রেন সংস্কারসহ বক্স কালভার্ট এবং আরসিসি রাস্তা নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, মশিন্দা ইউপি, গুরুদাসপুর, নাটোর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৩ | বিবিধ-১২ | ১নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আবেদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের হাট বাজারের ১০% অর্থ হতে ১নং নাজিরপুর ইউনিয়নের ওয়াপদা বাজার হাটে ফিসসেড ও টয়লেট নিমার্ণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ১নং নাজিরপুর ইউনিয়নের ওয়াপদা বাজার হাটে ফিসসেড ও টয়লেট নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, নাজিরপুর ইউপি, গুরুদাসপুর, নাটোর। |
| ৪৪ | বিবিধ-১৩ | ৩নং খুবজীপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আবেদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, খুবজীপুর হাট-বাজারটি একটি অনুন্নত হাট। তাই উক্ত হাট-বাজারটির ২০২২-২৩ অর্থ বছরের হাট-বাজারের ১০% অর্থ হতে হাট-বাজার খাতে প্রকল্প গ্রহন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। এনিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের ৩নং খুবজীপুর ইউনিয়নের হাট-বাজার খাতের ১০% অর্থ হতে প্রকল্প গ্রহণ পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করায় সভায় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর। |
| ৪৫ | বিবিধ-১৪ | ১নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আবেদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের হাট বাজারের ১৫% অর্থ হতে ১নং নাজিরপুর ইউনিয়নের নাজিরপুর হাটে ফিসসেড নিমার্ণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ১নং নাজিরপুর ইউনিয়নের হাট-বাজার খাতের ১৫% অর্থ হতে নাজিরপুর হাটে ফিসসেড নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করায় সভায় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান, নাজিরপুর ইউপি, গুরুদাসপুর, নাটোর। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনোয়ার হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গুরুদাসপুর,নাটোর
ফোনঃ ০৭৭২৪-৭৪৪২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গুরুদাসপুর, নাটোর

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০২.০০১.১৭. ৫২৭/১(৪৫)

তারিখ ঃ ০৯-০৬-২০২২ খ্রি.

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-**

০১। মাননীয় সংসদ সদস্য, ৬১ নাটোর-৪ (গুরুদাসপুর-বড়াইগ্রাম)।
০২। সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, নাটোর ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর ।
০৫। মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর,নাটোর।
০৬। উপজেলা -----------------------------------------------------------অফিসার, গুরুদাসপুর, নাটোর।
০৭। চেয়ারম্যান, নাজিরপুর/বিয়াঘাট/খুবজিপুর/মশিন্দা/ধারাবারিষা/চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
০৮। অফিস নথি।

(মোঃ তমাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গুরুদাসপুর, নাটোর
ফোনঃ ০৭৭২৪-৭৪০০১

উপস্থিত সদস্যে বৃন্দের নাম পরিশিষ্ট "ক" সভার তারিখ ঃ ০৯-০৬-২০২২ খ্রি.

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর | স্বাক্ষরিত |
| ২ | জনাব মোঃ তমাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৩ | জনাব মোঃ শাহ্নেওয়াজ আলী মোল্লা, মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৪ | জনাব মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৫ | জনাব মোছাঃ রোকসানা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৬ | চেয়ারম্যান, ০১নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৭ | চেয়ারম্যান, ০২নং বিয়াঘাট ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৮ | চেয়ারম্যান, ০৪নং মশিন্দা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ৯ | উপজেলা কৃষি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১০ | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১১ | উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১২ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৪ | প্রতিনিধি, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২০ | ডিজিএম, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, গুরুদাসপুর জোনাল অফিস, নাটোর | ,, |
| ২১ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২২ | উপজেলা পল্লী দারিদ্র কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৩ | উপজেলা সহকারী প্রকৌশলী (পানাসি), গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৪ | উপজেলা বন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৫ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৭ | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গুরুদাসপুর, নাটোর | ,, |
| ২৮ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গুরুদাসপুর, নাটোর | ,, |